

উত্তর উগান্ডায় ভিডিও

ইমপ্যাক্ট
স্টাডি

১১

আঞ্চলিক ভাষায় ভিডিও অনুবাদ

২০১৫ সালে, Mercy Corps নামের একটি এনজিও উত্তর উগান্ডার বাজার-ভিত্তিক উন্নয়ন প্রকল্পগুলোকে সহযোগিতা করার লক্ষে [এঅ্যাকসেস এগ্রিকালচার](#) ওয়েবসাইটে দেওয়া ৩৪টি ভিডিও আঞ্চলিক ভাষায় অনুবাদ করার জন্য একসেস অ্যাগ্রিকালচারকে অনুরোধ করে। ভিডিওগুলো ৫টি ডিভিডিওতে সংকলন করা হয়।

বেসরকারি কৃষিপণ্য সংস্থা GADC (Gulu Agricultural Development Company) ছোটো আকারে বাণিজ্যিকভাবে মরিচ উৎপাদনের জন্য ভিডিওগুলো ব্যবহার করে এবং ২০১৬ সালের ফেব্রুয়ারি মাসের মধ্যে সাত হাজার জন কৃষককে ভিডিওগুলো দেখাতে সক্ষম হয়। জিএডিসি কমিউনিটি গুলোতে সন্ধ্যায় প্রজেক্টরের সাহায্যে মরিচ ও তিল উৎপাদনের ভিডিও দেখায় এবং কৃষকদের প্রশ্নের উত্তর দেয়।



কৃষকদের নতুন ফসল ফলানোতে সাহায্য করার জন্য একটি বেসরকারি প্রতিষ্ঠান এক বিকেলে কৃষকদের শিখন ভিডিও দেখাচ্ছে

যারা ভিডিওগুলো পেয়েছে, তারা সেগুলো ব্যবহার করেছে

বেশিরভাগ এনজিও ও সরকারি সংস্থা যারা Mercy Corps থেকে ডিভিডিওগুলো পেয়েছে তারা ভিডিওগুলো দেখিয়েছে। কৃষি-উপকরণ বিক্রেতারা কৃষকদের ভিডিও দেখায় এবং ভুট্টা আর তিলবীজ বিক্রি করার জন্য তারা এই আয়োজন করে থাকে। যে-সব কৃষকদল ডিভিডিও পেয়েছে তারা তথ্য বোঝার জন্য বারবার সেগুলো দেখেছে। বিভিন্ন সরকারি এবং বেসরকারি পর্যায়ে যারা ভূমিকা রাখে GADC সহ তারা কমপক্ষে ১০ হাজার কৃষককে ভিডিওগুলো দেখাতে সক্ষম হয়েছে, যদিও ভিডিওগুলো দেখানোর জন্য তারা কোনো আর্থিক সহায়তা পায়নি।

উত্তর উগান্ডার অনেক কৃষক তাদের কম মূল্যের সাধারণ মানের মোবাইল ফোনে হলিউড এবং নাইজেরিয়ান চলচ্চিত্র দেখে। ছোটো সৌর প্যানেলগুলো সেখানে সহজলভ্য এবং সেগুলোর সাহায্যে কৃষকেরা তাদের ফোন চার্জ করতে পারে। স্টাডি চলাকালীন GADC কর্মীরা কৃষকদের মোবাইল ফোনের মেমোরি কার্ডে ভিডিওগুলো কপি করে দেয়, তাই ক্ষুদ্র কৃষকেরাও যখন ইচ্ছা বাড়িতে বসে সেগুলো দেখতে পারে।

উপসংহার

বিভিন্ন সংস্থা ভিডিওগুলো ব্যবহারের জন্য একটি নেটওয়ার্ক হিসেবে কাজ করে। একটি এনজিও অনুবাদ, মুদ্রণ এবং ডিভিডিওগুলো বিতরণের জন্য অর্থায়ন করে। একটি বেসরকারি সংস্থা হাজার হাজার কৃষককে ভিডিওগুলো দেখায়। ছোটো সংস্থাগুলোও ভিডিওগুলো শত শত ব্যক্তির কাছে পৌঁছে দেয়।

GADC ভিডিওগুলোর সাথে অন্যান্য কাজেরও সংযুক্তি ঘটিয়েছিল, যেমন- যারা আগেই চাষ করেছিল তাদের কাছ থেকে প্রকাশ্যে মরিচ কিনেছিল, যার ফলে মানুষ দেখতে পেল যে তাদের প্রতিবেশীরা বিল অনুযায়ী টাকা হাতে পেয়ে যাচ্ছে। কোম্পানিটি মরিচের জন্য ভালো দাম দেয়। ২০১৬ সালে প্রতিষ্ঠানটি ৪,৮০০ কৃষককে বিনামূল্যে বীজ সরবরাহ করে। সেটি ছিল একটি শুষ্ক বছর এবং অনেক কৃষক মরিচের ফসল ঘরে তুলতে পারে। তাদের অন্যান্য ফসল মার খেলেও তারা মরিচ বিক্রি করতে সক্ষম হয়। GADC বীজ বিতরণ এবং ফসল কেনা কৃষকদের নতুন ফসল, মরিচ উৎপাদনে উৎসাহিত করে, প্রতিসন্ধ্যায় গ্রামে গ্রামে ভিডিও দেখানোর জন্য GADC র একটি দল গঠন করেছে।

এই কেস স্টাডি SDC এবং Mercy Corps এর সহযোগিতায় সম্পন্ন।

যোগাযোগ: জেফ বেন্টলে | jeff@agroinsight.com

Bentley, Jeffery, 2016. The Luo translations: farmer learning videos in northern Uganda. [Read the report.](#)



সারসংক্ষেপ ও
ছবি : জেফ
বেন্টলে